দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 03 NOV 1988
পৃষ্ঠা 12 কলাম



সন্ধানীর অনুষ্ঠানে উপাচার্য

# ছাত্রছাত্রীদের আরো বেশী করে সমাজসেবায় এগিয়ে আসার আহ্বান

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আবদুল মান্নান লেখাপড়ার পাশাপাশি আরো বেশী করে সমাজসেবায় এগিয়ে আসার জন্য ছাত্রছাত্রীদের প্রতি আহ্বান জানিয়েছেন।

মেডিক্যাল ও ডেন্টাল ছাত্রছাত্রীদের স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান 'সন্ধানী'র ৭ম জাতীয় স্বেচ্ছায় রক্তদান ও মরণোত্তর চক্ষুদান প্রচার সপ্তাহের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে গতকাল বুধবার তিনি একথা বলেন। জাতীয় প্রেসক্লাব মিলনায়তনে আয়োজিত এ অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ঢাকা মেডিক্যাল কলেজের অধ্যক্ষ অধ্যাপক ওয়ালিউল্লাহ। অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে 'স্বেচ্ছায় রক্তদান আন্দোলন: বাংলাদেশে গতকাল আজ ও আগামীকাল' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সন্ধানীর সভাপতি সাইফুর রহমান।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি সন্ধানীর কার্যক্রমের প্রশংসা করেন এবং ঢাকা বিশ্ববিদ্যালয়সহ প্রতিটি বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের সহযোগিতায় 'সন্ধানী ডোনার ক্লাব' প্রতিষ্ঠার আহ্বান জানান।

সেমিনারে মনিলাল আইচ লিটুর পঠিত প্রবন্ধের ওপর আলোচনা করেন অধ্যাপক আলী আসগর।